“কোন ব্যক্তি যদি কোন মুসলিমের অর্থ সম্পদ আত্মসাৎ করার উদ্দেশে মিথ্যা শপথ করে, তা হলে সে আল্লাহর সমীপে এমন অবস্থায় হাযির হবে যে, আল্লাহ তার উপর রাগান্বিত থাকবেন”

আব্দুল্লাহ ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : “কোন ব্যক্তি যদি কোন মুসলিমের অর্থ সম্পদ আত্মসাৎ করার উদ্দেশে মিথ্যা শপথ করে, তা হলে সে আল্লাহর সমীপে এমন অবস্থায় হাযির হবে যে, আল্লাহ তার উপর রাগান্বিত থাকবেন”। তিনি বলেন, আশ‘আস বললেন, আল্লাহর কসম! এটা আমার সম্পর্কেই ছিল, আমার ও এক ইয়াহূদী ব্যক্তির সাথে যৌথ মালিকানায় এক খন্ড জমি ছিল। সে আমার মালিকানার অংশ অস্বীকার করে বসল। আমি তাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে নিয়ে গেলাম। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, “তোমার কোন সাক্ষী আছে কি?” আমি বললাম, না। তিনি বলেন, তখন তিনি ইয়াহূদীকে বললেন, “তুমি কসম কর”। তিনি বলেন, আমি তখন বললাম, হে আল্লাহর রাসূল! সে তো কসম করবে এবং আমার সম্পত্তি নিয়ে নেবে। তখন আল্লাহ তা‘আলা (এ আয়াত) নাযিল করেনঃ {إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا}. {إِلَى آخِرِ الْآيَةِ}. ‘‘যারা আল্লাহর সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের শপথকে স্বল্পমূল্যে বিক্রি করে .... আয়াতের শেষ পর্যন্ত’’- (আলে ইমরান ৭৭)।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্য কারো অর্থ আত্মসাতের জন্য শপথকারী নিজে মিথ্যা বলছেন জেনেও আল্লাহর নামে শপথ না করার ব্যাপারে সতর্ক করে দিয়েছেন। সে আল্লাহর সাথে এমন অবস্থায় দেখা করবে যখন তিনি তার উপর রাগান্বিত থাকবেন। আশ'আশ ইবনু কায়স রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই কথা এক ইহুদি ব্যক্তির সাথে তার জমির মালিকানা নিয়ে বিরোধের সময় বলেছেন। তারা তাদের মামলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে নিয়ে যান। তখন তিনি আশ'আশকে বলেন: আপনার দাবির প্রমাণ হিসেবে আপনাকে অবশ্যই সাক্ষী উপস্থাপন করতে হবে। যদি আপনি তা প্রদান করতে অক্ষম হন, তাহলে আপনার জন্য আপনার বিবাদীর শপথ ছাড়া আর কিছুই নেই। আশ’আশ বলেন: হে আল্লাহর রাসূল, তাহলে তো ইহুদি লোকটি শপথ করবে এবং দ্বিধা না করে আমার সম্পদ নিয়ে নিবে, তাই আল্লাহ তাআলা কুরআনে এর সত্যতা প্রকাশ করলেন তাঁর বাণীতে: {নিশ্চয় যারা আল্লাহ্র সাথে করা প্রতিশ্রুতি} এবং মুমিনদের জন্য আমানত ফিরিয়ে দেওয়ার তার অসিয়ত পরিবর্তন করে {এবং নিজেদের শপথের বিনিময়ে} অর্থাৎ আল্লাহর নামে মিথ্যা শপথের বিনিময়ে পৃথিবীর ধ্বংসাবশেষ {তুচ্ছ মূল্য খরিদ করে, আখেরাতে তাদের কোনো অংশ নেই। আর আল্লাহ্ তাদের সাথে কথা বলবেন না} এমন কথা যা তাদের খুশি করবে এবং তাদের উপকার করবে, বরং তাদের উপর গোস্বা করবেন। {এবং তাদের দিকে তাকাবেন না কেয়ামতের দিন।} রহমত ও অনুগ্রহের দৃষ্টি দিবেন না। {আর তাদেরকে পরিশুদ্ধও করবেন না}; ভালো প্রশংসার মাধ্যমে এবং মাখফিরাত করে তাদের পাপ ও নাপাকি থেকে পবিত্র করবেন না। {এবং তাদের জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি} তাদের কর্মের ফল স্বরূপ কষ্টদায়ক শাস্তি।